

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-২৭/মূসক/২০১৩ তারিখ: ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/ ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

বিষয়: ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি খাতে ট্যারিফ মূল্য নির্ধারণের কারণে মাঠ পর্যায়ে  
এহীনীয় কার্যক্রম বিষয়ে দিক-নির্দেশনা প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২৩/মূসক/২০১৩ তারিখ-০৬ জুন, ২০১৩ এর  
মাধ্যমে স্থানীয় পর্যায়ে উৎপাদিত যত্ন ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিযুক্ত) প্রতি ২৫(পচিশ)  
শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৩.৮৮৪২ (তিনি দশমিক আট আট চার দুই) টাকা, প্রতি ১২(বার)  
শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ১.৮৬৪৮ (এক দশমিক আট ছয় চার চার) টাকা, প্রতি ০৮(আট)  
শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ১.২৪২৯ (এক দশমিক দুই চার দুই নয়) টাকা, এবং যত্ন ব্যতীত হাতে  
তৈরী ফিল্টারযুক্ত প্রতি ২০ (বিশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৪.২১৮৯ (চার দশমিক দুই এক আট  
নয়) টাকা, প্রতি ১০ (দশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ২.১০৯৮ (দুই দশমিক এক শুন্য নয় চার)  
টাকা নির্ধারণ করা হয়েছে এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং ১৭১-  
আইন/২০১৩/৬৭৫-মূসক তারিখ-০৬ জুন, ২০১৩ খ্রিঃ এর মাধ্যমে সম্পূরক শুকের হার যথাক্রমে  
৩০% এবং ৩০% ধার্য করা হয়েছে। এর ফলে ২৫ (পচিশ) শলাকার প্রতি প্যাকেট উত্করণ বিড়ির  
উপর মোট কর ভার (সম্পূরক শুক ও মূসকসহ) ১.৯২২ (এক দশমিক নয় দুই দুই) টাকা, ১২(বার)  
শলাকার প্রতি প্যাকেট উত্করণ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুক ও মূসকসহ) ০.৯২২ (শুন্য  
দশমিক নয় দুই দুই) টাকা, ০৮ (আট) শলাকার প্রতি প্যাকেট উত্করণ বিড়ির উপর মোট কর ভার  
(সম্পূরক শুক ও মূসকসহ) ০.৬১৫ (শুন্য দশমিক ছয় এক পাঁচ) টাকা এবং ফিল্টার যুক্ত ২০ (বিশ)  
শলাকার প্রতি প্যাকেট উত্করণ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুক ও মূসকসহ) ২.০৮৮ (দুই  
দশমিক শুন্য আট আট) টাকা, ১০ (দশ) শলাকার প্রতি প্যাকেট উত্করণ বিড়ির উপর মোট কর ভার  
(সম্পূরক শুক ও মূসকসহ) ১.০৪৪ (এক দশমিক শুন্য চার চার) টাকা হইবে।

০২। যেহেতু ০৬ জুন, ২০১৩ খ্রি: তারিখ হইতে নির্ধারিত ট্যারিফ মূল্য কার্যকর হইবে,  
সেহেতু এই খাতে উক্ত তারিখ থেকেই যথাযথ রাজস্ব নিচিতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ে কার্যক্রম গ্রহণ  
করা জরুরি বিবেচনায় নিম্নরূপ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান  
করা হইল:

- (ক) সরকারী ট্রেজারী এবং ভাকঘরে তাংকশিকভাবে ব্যাতরোলের স্টক পরীক্ষাপূর্বক  
উল্লিখিত আদেশ কার্যকর হওয়ার তারিখ থেকে মূসক এবং সম্পূরক শুক জয়া প্রদানের  
বিষয়টি নিশ্চিত করিতে হইবে;
- (খ) এই খাত হইতে প্রাণ্ত রাজস্ব মূসক কোড নং ১/১১৩৩/০০০০/০৩১ এবং সম্পূরক  
শুক কোড নং ১/১১৩৩/০০০০/০৭১১ এ যথাক্রমে ফিল্টারযুক্ত বিড়ির ক্ষেত্রে মোট  
রাজস্বের ৩৯.৩৯% ও ৬০.৬১% হারে এবং ফিল্টার বিযুক্ত বিড়ির ক্ষেত্রে ৩৯.৩৯% ও  
৬০.৬১% হারে জয়া প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

- (গ) যেহেতু বর্তমানে ফিল্টার বিয়ুক্ত বিড়ির ক্ষেত্রে প্রতি প্যাকেটে ব্যবহৃত ব্যান্ডরোলের মূল্য প্রতি পেঁচিশ শলাকার জন্য ১.৯২২ (এক দশমিক নয় দুই দুই) টাকা, প্রতি বারো শলাকার জন্য ০.৯২২ (শন্য দশমিক নয় দুই দুই) টাকা ও প্রতি আট শলাকার জন্য ০.৬১৫ (শন্য দশমিক ছয় এক পাঁচ) টাকা এবং ফিল্টারযুক্ত বিড়ির ক্ষেত্রে প্রতি বিশ শলাকার জন্য ২.০৮৮ (দুই দশমিক শন্য আট আট) টাকা ও প্রতি দশ শলাকার জন্য ১.০৪৪ (এক দশমিক শন্য চার চার) টাকা হারে রাজস্ব প্রদান করতে হইবে; তাই ফিল্টারযুক্ত এবং ফিল্টার বিয়ুক্ত উভয় ক্ষেত্রে, নতুন ব্যান্ডরোল প্রস্তুত না হওয়া পর্যন্ত নতুন হার মোতাবেক পার্থক্যজনিত রাজস্ব বাবদ যথাযথ পরিমাণ অর্থে উপ-অনুচ্ছেদ (খ) অনুসরণপূর্বক ট্রেজারীতে জমা প্রদানের ব্যবস্থা করিতে হইবে; এবং
- (ঘ) ফিল্টারযুক্ত/ফিল্টার বিয়ুক্ত বিড়ি কারখানায় উপযুক্ত কর্মকর্তা প্রেরণপূর্বক অব্যবহৃত ব্যান্ডরোল মজুদ, ব্যান্ডরোল সংযুক্ত অবস্থায় বিড়ির মজুদ, ব্যান্ডরোলবিহীন বিড়ির মজুদ ইত্যাদির হিসাব প্রাপ্ত করিতে হইবে। মজুদ ব্যান্ডরোল ও লাগানো ব্যান্ডরোলের বিপরীতে পুরাতন হারে অর্থ জমা প্রদান করা হইয়া থাকিলে নতুন হার মোতাবেক পার্থক্যজনিত রাজস্ব বাবদ যথাযথ পরিমাণ অর্থে উপ-অনুচ্ছেদ (খ) অনুসরণপূর্বক ট্রেজারীতে জমা প্রদানের ব্যবস্থা করিতে হইবে।

০৩। উপর্যুক্ত নির্দেশাবলী ছাড়াও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ অনুযায়ী অপরিহার্য অন্যান্য আনুষ্ঠানিকতা প্রযোজ্য ক্ষেত্রে পালন করিতে হইবে।

০৪। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এবং বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং উহার ২৬ জৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং ৫৮/মূসক/২০১১ রাখিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোহাম্মদ হাসমত আলী ]  
ঘৃতীয় সচিব (মূসক)